The Daily Star
01 MAR 2026

# Bangladesh-Malaysia trade set for high-tech boost as exports near $300m

**STAR BUSINESS DESK**

Bangladesh's exports to Malaysia have surged more than fivefold over the past decade, climbing from $56 million to nearly $300 million, reflecting deepening bilateral trade ties, said Mohd Shuhada Othman, high commissioner of Malaysia to Bangladesh.

He said the next phase of cooperation would centre on high-tech collaboration in the semiconductor industry and stronger engagement in the global Halal economy.

The envoy made the remarks at the Silver Jubilee celebration marking the 25th anniversary of the Bangladesh-Malaysia Chamber of Commerce and Industry (BMCCI), held yesterday at the Sheraton Dhaka, according to a press release.

In his address, Othman commended BMCCI for supporting Malaysia's position as the ninth-largest investor in Bangladesh. He also unveiled the chamber's new logo as chief guest at the event.




PHOTO: BMCCI

Mohd Shuhada Othman, high commissioner of Malaysia to Bangladesh, inaugurates the Silver Jubilee celebration marking the 25th anniversary of the Bangladesh-Malaysia Chamber of Commerce and Industry (BMCCI), at the Sheraton Dhaka yesterday.

Shabbir A Khan, president of BMCCI, expressed pride in the chamber's journey since its inception in 2001, describing the Silver Jubilee logo as a symbol of resilience, collaboration and forward-looking momentum for the next 25 years.

He paid tribute to the 12 founding members whose foresight laid the foundation of the chamber and acknowledged the contributions of past presidents and members to its steady growth. Looking ahead, Khan reaffirmed BMCCI's commitment to diversifying business engagement and strengthening the longstanding ties between the two countries.

Over the past 25 years, BMCCI has worked to enhance strategic capabilities among business communities by organising investment forums, trade fairs, business delegation exchanges, seminars and symposiums between Bangladesh and Malaysia.

Salahuddin Kasem Khan, former president and founding director of the chamber, was also present, alongside senior officials, business leaders and executives from various sectors.

The Daily Star

01 MAR 2026

# Bangladesh's RMG market share in EU rises to 21.57%

REFAYET ULLAH MIRDHA

The market share of Bangladesh in the European Union's (EU) apparel market increased to 21.57 percent in 2025 from 20.78 percent in 2024 thanks to the rising demand for locally made apparel items in the EU.

In 2025, Bangladesh retained its position as the second-largest garment supplier to the EU, shipping apparel worth 19.41 billion euros, up from 18.31 billion euros in 2024, according to Eurostat data.

China, the largest garment exporter, held a 29.54 percent market share by exporting apparel worth 26.58 billion euros to the EU in 2025, Eurostat also reported. In 2025, the EU imported garment items worth 89.99 billion euros in total.

Turkey was the third-largest garment exporter to the EU in 2025, while India ranked fourth.

The Financial Express

01 MAR 2026

# Exports to Malaysia jump fivefold in a decade

FE REPORT

Bangladesh's exports to Malaysia have increased more than fivefold over the past decade, rising from $56 million to nearly $300 million, reflecting stronger bilateral trade ties, said Mohd Shuhada Othman, High Commissioner of Malaysia to Bangladesh.

He said future cooperation would prioritise high-tech collaboration, particularly in semiconductors, and deeper engagement in the global halal economy.

The envoy made the remarks at the Silver Jubilee celebration of the Bangladesh-Malaysia Chamber of Commerce and Industry (BMCCI) at the Sheraton Dhaka on Saturday.

He commended BMCCI for strengthening trade and investment relations and supporting Malaysia's position as the ninth-largest foreign investor in Bangladesh. He also unveiled the chamber's new logo as chief guest.

Shabbir A Khan, President of BMCCI, highlighted the chamber's progress since its founding in 2001, describing the Silver Jubilee logo as a symbol of resilience and future growth. He paid tribute to the 12 founding members and acknowledged the contributions of former leaders.

Over the past 25 years, BMCCI has promoted bilateral business through investment forums, trade fairs, business delegations, seminars and symposiums.

বাণিজ্য তথ্য কেন্দ্র
..............
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Daily Star

0 1 MAR 2026

# CPD urges govt to scrap US trade deal, proposes reforms in 13 sectors

POLICY – BANGLADESH

TBS REPORT

The Centre for Policy Dialogue (CPD) has urged the newly elected government to immediately scrap the reciprocal trade agreement signed with the United States by the previous interim administration, terming it grossly discriminatory and detrimental to Bangladesh's economic sovereignty.

The think tank also called for a complete departure from the traditional business as usual bureaucratic approach, unveiling a comprehensive 13-sector policy roadmap to guide the government's executive and legislative decisions over the first 180 days and the next five years.

The recommendations were presented yesterday at a media briefing titled "New government's economic and social sector policy and administrative decisions: 180 days and beyond," held at the CPD office in Dhaka.

CPD research director Khondaker Golam Moazzem presented the extensive analysis, emphasising that the new administration must adopt knowledge-based decision-making and deeply decentralise power to overcome systemic inefficiencies.

Taking a firm stance on recent international negotiations, the CPD warned that the US trade agreement severely jeopardises Bangladesh's smooth transition strategy (STS) for LDC graduation.

According to the think tank, the agreement's clauses completely restrict Bangladesh's independence in terms of trade and investment with third countries. It forces Bangladesh to comply with US border measures and restricts the imposition of digital service taxes.

The CPD strongly advised the government to withdraw from this agreement before notifications are exchanged and also urged a review of the Economic Partnership Agreement (EPA) with Japan, as it controversially allows duty-free imports of LNG, thereby delaying the country's renewable energy transition.

Beyond trade, the CPD's analysis spanned critical macroeconomic areas, including resource mobilisation, the business environment, and foreign direct investment (FDI). With the country's tax-to-GDP ratio plunging to a South Asian low of 6.8%, the think tank recommended forming a tax ombudsman, consolidating the current eight VAT slabs into a three-tier structure, and eliminating tax incentives for high-emission fossil fuel power producers.

To attract FDI and ease the cost of doing business, CPD proposed enacting a Single Digital Interface Act to legally bind ministries to integrate their databases. They also suggested translating the government's pledges of 48-hour company registration and 30-day profit repatriation into enforceable legal standards, alongside establishing specialised commercial courts for rapid dispute resolution.

Turning to the power and energy sector, the CPD heavily criticised the government's ambitious target to generate 35 GW of electricity by 2030.

"There is no need to fix the BNP's distant target of 35 gigawatts for 2030. Because within that target, we again see an indication of promoting fossil fuels. Therefore, we believe that instead of sticking to the 35-gigawatt target, it would be better to move towards a more realistic goal – as CPD had suggested – that reaching 30 gigawatts by 2040 would be sufficient. We think the new government should proceed with such a target in mind," said Dr Golam Moazzem.

Instead of expanding domestic coal extraction and building new inland LNG terminals, the government was advised to adopt a strict 'no new fossil fuel-based power generation' policy.

The think tank recommended shifting focus toward domestic gas exploration through Bapex, expanding the national rooftop solar programme, and inserting 'No Electricity, No Pay' clauses in all future power purchase agreements to eliminate the heavy burden of unconditional capacity charges.

On the social front, the CPD addressed pressing issues surrounding labor rights, child labour, and international migration.

Addressing the alarming rise in child labour, which currently traps 3.5 million children, Golam Moazzem proposed utilising the newly planned Family Card scheme to provide conditional cash transfers to vulnerable households, strictly tied to withdrawing their children from hazardous work and sending them back to school.

To protect outbound migrant workers from rampant extortion, the government was urged to dismantle entrenched recruitment syndicates, mandate digital financial transactions for all recruitment fees, and transform Technical Training Centres (TTCs) into dedicated overseas placement hubs aligned with global market demands.

Golam Moazzem said true accountability cannot be achieved if the government operates solely on the "one leg" of the executive branch. He strongly advocated for parliamentary reforms.

CPD recommended ensuring that opposition MPs lead key parliamentary standing committees, such as the Public Accounts Committee, and reforming the Prime Minister's Question Time to be ballot-based rather than executive-controlled.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

01 MAR 2026

# বাণিজ্য চুক্তি মানার বার্তা নিয়ে আসছেন ট্রাম্পের বিশেষ দূত

**তিন দিনের সফরে ঢাকা আসছেন পল কাপুর**



- আলোচনায় প্রাধান্য পাবে বাণিজ্য ও শ্রম ইস্যু
- প্রধানমন্ত্রীর সঙ্গেও সৌজন্য সাক্ষাতের কথা রয়েছে
- অগ্রাধিকার থাকবে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক
- রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক ৫ মার্চ
- পুরো চুক্তিতে যুক্তরাষ্ট্রের স্বার্থের বিষয়টি প্রাধান্য
- অন্তর্বর্তী সরকারের সময়ে করা এ চুক্তি নিয়ে প্রশ্ন

চুক্তি থেকে বের হতে চাইলে বড় ধরনের রাজনৈতিক সিদ্ধান্ত নিতে হবে

**মাসরুর রিয়াজ,** পলিসি এক্সচেঞ্জ

**তাসনিম মহসিন**

বাণিজ্যে ভারসাম্য তৈরিতে শুল্ক নির্ধারণে সংসদ নির্বাচনের ঠিক আগমুহূর্তে যুক্তরাষ্ট্রের সঙ্গে অ্যাগ্রিমেন্ট অন রেসিপ্রোকাল ট্রেড (আর্ট) বা পারস্পরিক বাণিজ্য চুক্তি সই করে বাংলাদেশ। তবে চলতি মাসে মার্কিন সুপ্রিম কোর্ট প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশ্বজুড়ে পাল্টা শুল্ক আরোপের পদক্ষেপ বাতিল করে দেন। ফলে পাল্টা শুল্ক না থাকলেও সই করা এ চুক্তি বাস্তবায়নের পরামর্শ থাকবে ঢাকার জন্য। আর এ পরামর্শ নিয়ে তিন দিনের সফরে ঢাকা আসছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি এস পল কাপুর।

গত ২৩ ফেব্রুয়ারি ঢাকার মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। মার্চের শুরুতে পল কাপুর বাংলাদেশ সফর করবেন বলে মন্ত্রীকে জানান রাষ্ট্রদূত।

জানা গেছে, মার্চের প্রথম সপ্তাহে ঢাকা সফর করবেন পল কাপুর। আগামী মঙ্গলবার সন্ধ্যায় ঢাকায় নামবেন তিনি। পরদিন ব্যবসায়ীসহ বিভিন্ন মন্ত্রণালয়ে বৈঠক করবেন। এদিন রাতে মার্কিন রাষ্ট্রদূতের দেওয়া নৈশভোজে অংশ নেবেন। এ ছাড়া ৫ মার্চ একাধিক রাজনৈতিক দলের সঙ্গে আলাদা বৈঠক করবেন পল কাপুর। ওই দিন সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া ইফতার ও নৈশভোজে অংশ নেবেন তিনি। ৬ মার্চ ভোরে পল কাপুরের ঢাকা ছাড়ার কথা।

তিন দিনের ঢাকা সফরে বাণিজ্য, জ্বালানি, শ্রম ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠক করবেন ট্রাম্পের বিশেষ দূত। এ ছাড়া প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গেও তাঁর সৌজন্য সাক্ষাতের কথা রয়েছে। পল কাপুরের এবারের সফরে গুরুত্ব পাবে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক। এ বৈঠক ছাড়াও রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের নৈশভোজে ব্যবসায়ীদের বেশি সমাগম হবে।

নাম না প্রকাশের শর্তে ওয়াশিংটনের একটি সূত্র জানায়, সরকারের সঙ্গে শুল্ক ও বাণিজ্য নিয়ে কোনো প্রস্তাব নিয়ে আলোচনা করতে গেলে ব্যবসায়ীদের অজুহাত দেখানো হয়। ব্যবসায়ীরা মানবে না বলে বিভিন্ন বিষয় এড়িয়ে যাওয়া হয়। ফলে পল কাপুরের সফরে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক অগ্রাধিকার পাবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য সংযুক্ত ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে আর্ট ও মার্কিন বাণিজ্য নীতি এবং প্রেসিডেন্ট ট্রাম্পের অগ্রাধিকারের বিষয়গুলো তুলে ধরা হবে। এরপর সরকারের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসবেন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি।

বর্তমান সরকারের একজন গুরুত্বপূর্ণ মন্ত্রী পারস্পরিক বাণিজ্য চুক্তির অন্যতম মধ্যস্থতাকারী ছিলেন বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। নাম না প্রকাশের শর্তে এক কর্মকর্তা বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে করা এ চুক্তিটি খুবই ভারসাম্যহীন। বিশেষ করে এ চুক্তির ফলে বাংলাদেশের স্বার্থ রক্ষা হয়নি। বর্তমান প্রধানমন্ত্রীর যে পররাষ্ট্রনীতি 'সবার আগে বাংলাদেশ'– সে নীতির পরিপন্থি। নন-ডিসক্লোজার অ্যাগ্রিমেন্টে (এনডিএ) সরাসরি চীনের নাম ছিল। চীনের থেকে সামরিক ক্রয়ের ক্ষেত্রে আপত্তির কথা উল্লেখ ছিল। তবে সই করা চুক্তিটি আরও বিস্তৃত। সামরিক ক্রয়ের ক্ষেত্রে এখন শুধু চীন নয়; মার্কিন অপছন্দের কারও কাছ থেকে কেনার ক্ষেত্রে বাধার সম্মুখীন হতে হবে।

কূটনীতিকরা বলছেন, চুক্তিটি সইয়ের ক্ষেত্রে বাংলাদেশ বেশ তাড়াহুড়া করেছে। নির্বাচনের তিন দিন আগে এমন একটি চুক্তি করা ঠিক হয়নি, বরং নির্বাচিত সরকারের জন্য রেখে দেওয়া উচিত ছিল। আর চুক্তির দরকষাকষিতে বাংলাদেশ কোনো দক্ষতা দেখাতে পারেনি। কারণ চুক্তির ধারাগুলো পড়লেই দেখা যায়, ঢাকা কোনো শর্ত রাখতে পারেনি।

তারা বলছেন, চুক্তিটি যে অসম– তার অনেক উদাহরণ দেওয়া যায়। তার মধ্যে একটি হলো 'ধারা ৪-এর অর্থনৈতিক ও জাতীয় নিরাপত্তা'। ৪-এর ১, ২ ও ৩ ধারায় বলা হয়েছে, বাংলাদেশ যদি এমন কোনো দেশের প্রতিষ্ঠানের সঙ্গে ব্যবসা করে, যার বাজারমূল্যের থেকে কমে পণ্য বিক্রি করে, তাহলে যুক্তরাষ্ট্র ব্যবস্থা নিতে পারবে। এ ছাড়া যুক্তরাষ্ট্র যদি কোনো দেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে, তাহলে বাংলাদেশকে তা মেনে চলতে হবে এবং সে অনুযায়ী রপ্তানি নিয়ন্ত্রণ কার্যকর করতে হবে। বাংলাদেশ এমন কোনো দেশ থেকে পারমাণবিক চুল্লি বা জ্বালানি কিনতে পারবে না, যারা যুক্তরাষ্ট্রের স্বার্থকে ক্ষুণ্ন করে। পুরো চুক্তিতেই যুক্তরাষ্ট্রের স্বার্থের বিষয়টি প্রাধান্য পেয়েছে। চুক্তিটি বাংলাদেশের অর্থনীতি বা বাণিজ্যের সক্ষমতা ও বাস্তবতা, কোনোটাই প্রাধান্য পায়নি। ওয়াশিংটন এক প্রকার ঢাকার ওপর তা চাপিয়ে দিয়েছে।

**চুক্তি থেকে বের হওয়া**

চুক্তি থেকে বের হওয়া ঢাকার জন্য সহজ হবে না। আদালত আরোপিত পাল্টা শুল্ক বাতিল করার জবাবে প্রেসিডেন্ট ট্রাম্পের নতুন করে ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক আরোপ করেছেন। এর ফলে আগের ১৫ শতাংশ শুল্কের সঙ্গে বাংলাদেশকে ১৯ শতাংশ পাল্টা শুল্কের স্থলে পণ্য রপ্তানিতে ১০ শতাংশ শুল্ক দিতে হবে। আদালত এখন পর্যন্ত শুধু শুল্ক নিয়ে রায় দিয়েছেন; তার প্রভাব আর্ট চুক্তিতে পড়বে না।

যদিও গত ২৫ ফেব্রুয়ারি বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্তর্বর্তী সরকারের সই করা বাণিজ্য চুক্তি পর্যালোচনা করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক ও বাণিজ্য চুক্তির বিষয়গুলো নিয়ে এখনই কিছু বলার সময় আসেনি। চুক্তি পর্যালোচনার পর করণীয় সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হবে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, এখন চাইলেও এ চুক্তি থেকে বের হওয়া সহজ হবে না। কারণ আদালতের রায়ের পর মার্কিন বাণিজ্য দপ্তর এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছে, বিচারাধীন থাকার পরও আমাদের অংশীদাররা আলোচনা অব্যাহত রেখেছে এবং চুক্তি সই করেছে। প্রেসিডেন্ট ট্রাম্পের সমস্ত বাণিজ্য চুক্তি কার্যকর থাকবে বলে আমরা আত্মবিশ্বাসী।

চুক্তি নিয়ে অর্থনীতিবিদরা বলছেন, চুক্তির দরকষাকষিতে বড় ধরনের অদক্ষতা লক্ষ্য করা গেছে। বাংলাদেশে অর্থনৈতিক সক্ষমতার বাইরে গিয়ে চুক্তি করা হয়েছে। এর থেকে যুক্তরাষ্ট্র থেকে ডিএফসি ফান্ড নিয়ে বাংলাদেশে বিনিয়োগ করে সে বিনিয়োগের কাঁচামাল যুক্তরাষ্ট্র থেকে এনে বাণিজ্য ঘাটতি কমানো যেত। চুক্তিটির মাধ্যমে বাংলাদেশের সার্বভৌম অধিকার ক্ষুণ্ন হয়েছে।

চুক্তিটি অসম হয়েছে– মন্তব্য করেছেন বেসরকারি গবেষণা সংস্থা পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান অর্থনীতিবিদ এম মাসরুর রিয়াজ। তিনি সমকালকে বলেন, এ চুক্তি যতটা না বাণিজ্যিক, তার থেকে বেশি রাজনৈতিক। মার্কিন আদালতে শুধু পাল্টা শুল্ক আরোপ নিয়ে রায় এসেছে। ফলে বাংলাদেশের চুক্তিটি মেনে চলার বাধ্যবাধকতা রয়েছে।

চুক্তি থেকে বের হতে চাইলে তার জন্য বড় ধরনের রাজনৈতিক সিদ্ধান্ত নিতে হবে বলে মনে করেন এ অর্থনীতিবিদ। তিনি আরও বলেন, মার্কিন আদালতের রায়ের পর চাইলে ঢাকা এ চুক্তি থেকে বের হতে পারে। তবে তা ইতিবাচকভাবে দেখবে না ওয়াশিংটন। আলাদা করে শুল্কা আরোপ না হলেও রাজনৈতিকভাবে ওয়াশিংটনকে মোকাবিলা করার সক্ষমতা নেই ঢাকার। ফলে এ ক্ষেত্রে চুক্তির বেশ কিছু বিতর্কিত শর্ত নিয়ে নতুন করে দরকষাকষির অনুরোধ করতে পারে বাংলাদেশ।

সমকাল

01 MAR 2026

# মার্কিন শুল্কচুক্তি থেকে সরে আসার পরামর্শ

**সিপিডির মিডিয়া ব্রিফিং**

‘নতুন সরকারের অর্থনৈতিক ও সামাজিক খাতে নীতি ও প্রশাসনিক সিদ্ধান্ত : ১৮০ দিন ও তারপর’ শীর্ষক এ মিডিয়া ব্রিফিংয়ের আয়োজন করা হয়।

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*




‘নতুন সরকারের অর্থনৈতিক ও সামাজিক খাতে নীতি ও প্রশাসনিক সিদ্ধান্ত: ১৮০ দিন ও তারপর’ শীর্ষক সিপিডির মিডিয়া ব্রিফিং। গতকাল ধানমন্ডিতে সিপিডির কার্যালয়ে । ছবি : প্রথম আলো

অন্তর্বর্তী সরকারের শেষ সময়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে করা শুল্কচুক্তি চরমভাবে বৈষম্যমূলক বলে মন্তব্য করেছে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সংস্থাটির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ‘চুক্তির শর্ত দেখে আমরা হতভম্ব, স্তম্ভিত। সরকারের উচিত এই চুক্তি থেকে সরে আসা।’

গতকাল শনিবার রাজধানীর ধানমন্ডিতে সিপিডির কার্যালয়ে আয়োজিত এক মিডিয়া ব্রিফিংয়ে এ কথা বলেন তিনি। ‘নতুন সরকারের অর্থনৈতিক ও সামাজিক খাতে নীতি ও প্রশাসনিক সিদ্ধান্ত : ১৮০ দিনও তারপর’ শীর্ষক এ মিডিয়া ব্রিফিংয়ের আয়োজন করে সিপিডি।

অনুষ্ঠানে খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ‘অন্তর্বর্তী সরকারের সময় যখন শুল্কসংক্রান্ত আলাপ-আলোচনা শুরু হয়েছিল, তখন সাধারণ মানুষকে ধারণা দেওয়া হয়েছিল যে শুধু শুল্ক নিয়ে আলোচনা চলছে। পাল্টা শুল্কের হার কীভাবে ৩৫ থেকে ২০ শতাংশে কমিয়ে আনা যাবে, সেটি। এ জন্য কিছু কেনাকাটার (প্রকিউরমেন্ট) চুক্তি করলেই নাকি হয়ে যাবে। কিন্তু শেষ পর্যন্ত যে চুক্তি হয়েছে, তা দেখে আমরা হতভম্ব, স্তম্ভিত। এই ধরনের চুক্তি কীভাবে একটি অনির্বাচিত সরকার করে যেতে পারল বা এই দায় কীভাবে একটি নির্বাচিত সরকারের কাঁধে দিয়ে যেতে পারল, তা বোধগম্য নয়। কোনো একটি বিষয়ে যদি অন্তর্বর্তী সরকারকে নিন্দা জানানোর থাকে, তাহলে আমি এই একটি চুক্তির জন্য নিন্দা জানাতে চাই।’

ব্রিফিংয়ে নতুন গভর্নর নিয়োগের বিষয়ে সংস্থাটির পক্ষ থেকে বলা হয়, বর্তমান সরকার গভর্নর নিয়োগের ক্ষেত্রে একটি দুর্বল পদক্ষেপ নিয়েছে। একই সঙ্গে প্রক্রিয়াটি অস্বচ্ছ ছিল। সরকার রাজনৈতিক বিবেচনাতেও গভর্নর নিয়োগ দিতে চাইলে এর চেয়ে আরও ভালো নিয়োগ দিতে পারত। নবনিযুক্ত গভর্নরের ক্ষেত্রে বেশ কিছু বিষয়ে আলোচনা-সমালোচনা রয়েছে। সরকার এ ধরনের সমালোচনাগুলো এড়িয়ে আরও ভালো নিয়োগ দিতে পারত। সে ধরনের যোগ্য লোক সরকারের হাতে ছিল।

### বড় সমস্যা স্বচ্ছতা ও জবাবদিহির

দেশের বিদ্যমান অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন সরকারের অগ্রাধিকার বিষয়ে বিভিন্ন খাতভিত্তিক পর্যালোচনা তুলে ধরে সিপিডি। সংস্থাটি বলেছে, সরকারি কাঠামোর বড় সমস্যা সিদ্ধান্ত বাস্তবায়নে দুর্বলতা ও দক্ষতার সংকট। নতুন সরকারকে এটি মোকাবিলা করতে হবে। এ ছাড়া ব্যবসায়ীদের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে স্বচ্ছতা ও জবাবদিহির দুর্বলতা। ব্যবসার পরিবেশের ক্ষেত্রে অবকাঠামো, মানবসম্পদ, অর্থায়ন, দুর্নীতি ও অপ্রাতিষ্ঠানিক লেনদেনের মতো চ্যালেঞ্জ রয়েছে। এসব কারণে বিদেশি বিনিয়োগকারীরাও আস্থা পান না।

> শেষ পর্যন্ত যে চুক্তি হয়েছে, সে চুক্তির শর্ত দেখে আমরা হতভম্ব, স্তম্ভিত। সরকারের উচিত এই চুক্তি থেকে সরে আসা।
>
> খন্দকার গোলাম মোয়াজ্জেম, গবেষণা পরিচালক, সিপিডি

সিপিডি জানিয়েছে, বিএনপি তাদের নির্বাচনী ইশতেহারে দ্বিতীয় পদ্মা ও যমুনা সেতু তৈরির মতো কিছু বড় অবকাঠামো প্রকল্পের কথা বলেছে। তবে এ মুহূর্তে সেই আর্থিক সক্ষমতা সরকারের নেই। তাই সরকারের উচিত হবে ধীরে চলো নীতি অনুসরণ করা। ইশতেহারে বিএনপি মোট দেশজ আয়ের (জিডিপি) তুলনায় রাজস্ব আহরণ ৭ থেকে বাড়িয়ে ১০ শতাংশে উন্নীত করবে। এটি যৌক্তিক। তবে এ ক্ষেত্রে কর ন্যায্যতা নিশ্চিত ও করব্যবস্থা আরও স্বচ্ছ করতে হবে।

### কয়লা উত্তোলন নয়

অনুষ্ঠানে খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতে বাংলাদেশে বর্তমানে একাধিক সমস্যা রয়েছে। যার মধ্যে অতিমূল্যায়িত চাহিদা প্রক্ষেপণ ও প্রয়োজনীয় গ্যাস সরবরাহের সংকট অন্যতম। বিএনপির নির্বাচনী পথনকশায় নতুন করে দেশের কয়লা উত্তোলনের একধরনের ইঙ্গিত দেওয়া হয়েছে। এ প্রসঙ্গে গোলাম মোয়াজ্জেম বলেন, কয়লা উত্তোলন দেশের জ্বালানি রূপান্তরের ক্ষেত্রে বড় প্রতিবন্ধকতা তৈরি করবে। সরকারের উচিত হবে এমন উদ্যোগ থেকে সরে আসা। আর গ্যাস-সংকট সমাধানে এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) আমদানি কোনো সমাধান হতে পারে না।

### সরকারকে দুই পায়ে চলার পরামর্শ

সরকারি কার্যক্রমের তদারকি ও জবাবদিহি নিশ্চিতে সংসদের ভূমিকা বাড়ানোর পরামর্শ দেন খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলেন, সরকার যদি দুই পায়ে কাজ করে, তাহলে এক পা হলো নির্বাহী বিভাগ, আরেক পা সংসদ। সংসদীয় স্থায়ী কমিটি, বিশেষ করে আর্থিক-সংক্রান্ত কমিটিগুলো স্বাধীনভাবে কাজ করতে পারলে তা সরকারের জবাবদিহি নিশ্চিতের বড় সুযোগ তৈরি করবে।

সিপিডি মনে করে, নতুন সরকারকে সমান্তরালভাবে ১৮০ দিন এবং পরবর্তী ৫ বছরের পরিকল্পনা নিয়ে কাজ করতে হবে। তবে সরকারি উদ্যোগ যেন মন্ত্রণালয়ের মধ্যে সীমাবদ্ধ না থাকে, এটি যেন স্থানীয় সরকার প্রশাসন তথা সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ পর্যায়েও বাস্তবায়িত হয়।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো


বণিক বার্তা
01 MAR 2026

## মাখন উৎপাদনে ভারত



মাখন উৎপাদনে বিশ্বে শীর্ষ দেশ ভারত। দেশটিতে পণ্যটির উৎপাদন ধারাবাহিকভাবে বাড়ছে। এর পেছনে ভূমিকা রাখছে দুধ উৎপাদনের সম্প্রসারণ ও দুগ্ধ প্রক্রিয়াজাত শিল্পের বিকাশ। ভারত গত বছর মোট ৭১ লাখ ৫৫ হাজার টন মাখন উৎপাদন করেছে, যা আগের বছরের তুলনায় ২ দশমিক ৯৫ শতাংশ বেশি। তবে দেশটির বেকারি, হোটেল ও খাদ্য প্রক্রিয়াজাত শিল্পে চাহিদা বৃদ্ধির ফলে অভ্যন্তরীণ বাজারই প্রধান ভোক্তা হিসেবে রয়ে গেছে। যদিও ভারত সীমিত পরিসরে মাখন রফতানিও করে। বিশেষত মধ্যপ্রাচ্য ও এশিয়ার কিছু দেশে। এমনকি এ দুগ্ধজাত পণ্যটি রফতানিতে দেশটির অবস্থান পঞ্চম শীর্ষে।

রফতানি (টন)




| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ১৯৯০ | ৯,৭০,০০০ | ১০.২৩% |
| ১৯৯১ | ১০,২০,০০০ | ৫.১৫% |
| ১৯৯২ | ১০,৬০,০০০ | ৩.৯২% |
| ১৯৯৩ | ১১,১০,০০০ | ৪.৭২% |
| ১৯৯৪ | ১২,০০,০০০ | ৮.১১% |
| ১৯৯৫ | ১৩,০০,০০০ | ৮.৩৩% |
| ১৯৯৬ | ১৪,০০,০০০ | ৭.৬৯% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ১৯৯৭ | ১৪,৭০,০০০ | ৫.০০% |
| ১৯৯৮ | ১৬,০০,০০০ | ৮.৮৪% |
| ১৯৯৯ | ১৭,৫০,০০০ | ৯.৩৮% |
| ২০০০ | ১৯,৫০,০০০ | ১১.৪৩% |
| ২০০১ | ২২,৫০,০০০ | ১৫.৩৮% |
| ২০০২ | ২৪,০০,০০০ | ৬.৬৭% |
| ২০০৩ | ২৫,০০,০০০ | ৪.১৭% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ২০০৪ | ২৬,০০,০০০ | ৪.০০% |
| ২০০৫ | ২৭,৪৯,০০০ | ৫.৭৩% |
| ২০০৬ | ৩০,৫৮,০০০ | ১১.২৪% |
| ২০০৭ | ৩৩,৬৫,০০০ | ১০.০৪% |
| ২০০৮ | ৩৬৯০,০০০ | ৯.৬৬% |
| ২০০৯ | ৩৯,১০,০০০ | ৫.৯৬% |
| ২০১০ | ৪১,৬২,০০০ | ৬.৪৫% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ২০১১ | ৪৩,৩০,০০০ | ৪.০৪% |
| ২০১২ | ৪৫,২৫,০০০ | ৪.৫০% |
| ২০১৩ | ৪৭,৪৫,০০০ | ৪.৮৬% |
| ২০১৪ | ৪৮,৮৭,০০০ | ২.৯৯% |
| ২০১৫ | ৫০,৩৫,০০০ | ৩.০৩% |
| ২০১৬ | ৫২,০০,০০০ | ৩.২৮% |
| ২০১৭ | ৫৪,০০,০০০ | ৩.৮৫% |


সূত্র : ইনডেক্স মুন্ডি

বণিক বার্তা
0 1 MAR 2026

## মাখন উৎপাদনে ভারত



মাখন উৎপাদনে বিশ্বে শীর্ষ দেশ ভারত। দেশটিতে পণ্যটির উৎপাদন ধারাবাহিকভাবে বাড়ছে। এর পেছনে ভূমিকা রাখছে দুধ উৎপাদনের সম্প্রসারণ ও দুগ্ধ প্রক্রিয়াজাত শিল্পের বিকাশ। ভারত গত বছর মোট ৭১ লাখ ৫৫ হাজার টন মাখন উৎপাদন করেছে, যা আগের বছরের তুলনায় ২ দশমিক ৯৫ শতাংশ বেশি। তবে দেশটির বেকারি, হোটেল ও খাদ্য প্রক্রিয়াজাত শিল্পে চাহিদা বৃদ্ধির ফলে অভ্যন্তরীণ বাজারই প্রধান ভোক্তা হিসেবে রয়ে গেছে। যদিও ভারত সীমিত পরিসরে মাখন রফতানিও করে। বিশেষত মধ্যপ্রাচ্য ও এশিয়ার কিছু দেশে। এমনকি এ দুগ্ধজাত পণ্যটি রফতানিতে দেশটির অবস্থান পঞ্চম শীর্ষে।




| রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|
| ৯,৭০,০০০ | ১০.২৩% |
| ১০,২০,০০০ | ৫.১৫% |
| ১০,৬০,০০০ | ৩.৯২% |
| ১১,১০,০০০ | ৪.৭২% |
| ১২,০০,০০০ | ৮.১১% |
| ১৩,০০,০০০ | ৮.৩৩% |
| ১৪,০০,০০০ | ৭.৬৯% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ১৯৯৭ | ১৪,৭০,০০০ | ৫.০০% |
| ১৯৯৮ | ১৬,০০,০০০ | ৮.৮৪% |
| ১৯৯৯ | ১৭,৫০,০০০ | ৯.৩৮% |
| ২০০০ | ১৯,৫০,০০০ | ১১.৪৩% |
| ২০০১ | ২২,৫০,০০০ | ১৫.৩৮% |
| ২০০২ | ২৪,০০,০০০ | ৬.৬৭% |
| ২০০৩ | ২৫,০০,০০০ | ৪.১৭% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ২০০৪ | ২৬,০০,০০০ | ৪.০০% |
| ২০০৫ | ২৭,৪৯,০০০ | ৫.৭৩% |
| ২০০৬ | ৩০,৫৮,০০০ | ১১.২৪% |
| ২০০৭ | ৩৩,৬৫,০০০ | ১০.০৪% |
| ২০০৮ | ৩৬৯০,০০০ | ৯.৬৬% |
| ২০০৯ | ৩৯,১০,০০০ | ৫.৯৬% |
| ২০১০ | ৪১,৬২,০০০ | ৬.৪৫% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ২০১১ | ৪৩,৩০,০০০ | ৪.০৪% |
| ২০১২ | ৪৫,২৫,০০০ | ৪.৫০% |
| ২০১৩ | ৪৭,৪৫,০০০ | ৪.৮৬% |
| ২০১৪ | ৪৮,৮৭,০০০ | ২.৯৯% |
| ২০১৫ | ৫০,৩৫,০০০ | ৩.০৩% |
| ২০১৬ | ৫২,০০,০০০ | ৩.২৮% |
| ২০১৭ | ৫৪,০০,০০০ | ৩.৮৫% |

| সাল | রফতানি (টন) | বৃদ্ধির হার (%) |
|---|---|---|
| ২০১৮ | ৫৬,০০;০০০ | ৩.৭০% |
| ২০১৯ | ৫৮,৫০,০০০ | ৪.৪৬% |
| ২০২০ | ৬১,০০,০০০ | ৪.২৭% |
| ২০২১ | ৬৩,০০,০০০ | ৩.২৮% |
| ২০২২ | ৬৫,০০,০০০ | ৩.১৭% |
| ২০২৩ | ৬৭,৫০,০০০ | ৩.৮৫% |
| ২০২৪ | ৬৯,৫০,০০০ | ২.৯৬% |
| ২০২৫ | ৭১,৫৫,০০০ | ২.৯৫% |

সূত্র : ইনডেক্স মুন্ডি